




স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.১১.০০৪ (অংশ-৩).২০২০-২১.৫৯৯

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে বিধিনিষেধ আরোপ

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের ফলে সৃষ্ট পরিস্থিতি বিবেচনায় সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ২৫.০৬.২০২১ খ্রি. তারিখ রাত ১২.০১ টা হতে ৩০.০৬.২০২১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় নিম্নোক্তভাবে বিধি নিষেধ আরোপ করা হলে :

- ক) সকল ধরণের ব্যবসা প্রতিষ্ঠান, শপিংমল, মার্কেট, দোকান, রেন্টুৱেন্ট বন্ধ থাকবে। তবে ঔষধ, কাঁচাবাজার, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকারের সঙ্গে জড়িত প্রতিষ্ঠান এর আওতা বহির্ভূত থাকবে ;
- খ) বিধি নিষেধ চলাকালীন বাস, ট্রেনসহ কোন প্রকার যানবাহন রাজশাহী মহানগরে প্রবেশ করতে এবং রাজশাহী মহানগর হতে বাইরে যেতে পারবে না। তবে আমসহ অন্যান্য কৃষিপণ্য/খাদ্যসামগ্রীবাহী পরিবহণ, রোগী পরিবহণকারী অ্যাম্বুলেন্স এবং জরুরী সেবাদানকারী পরিবহণ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে ;
- গ) জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান, জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠানসহ সকল ধরণের গণজমায়েত বন্ধ থাকবে ;
- ঘ) সকল পর্যটনস্থল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে ;
- ঙ) সাংবাদিক/সংবাদকর্মীগণ পেশাগত দায়িত্ব পালনের ক্ষেত্রে এ আদেশের আওতা বহির্ভূত থাকবেন ;
- চ) উপরোক্ত বিধি নিষেধ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে।
- ২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


আব্দুল জব্বার
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

ফোন নং: ০৭২১-৭৭২০৫০ (অফিস)
dcrajshahi@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. পুলিশ কমিশনার, আর, এম, পি, রাজশাহী
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন
০৩. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল), রাজশাহী
০৪. পুলিশ সুপার, রাজশাহী
০৫. সিভিল সার্জন, রাজশাহী
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), রাজশাহী
০৮. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
০৯. পরিচালক, ভ্রম্য ও গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১০. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী
১২. প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (জেলা ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, পরিবহণ (বাস/ট্রাক) মালিক সমিতি, রাজশাহী
১৪. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, রাজশাহী
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক..... শ্রেসরাব, রাজশাহী
১৬. রাজশাহী

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-০২
০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. মহাপরিচালক (সরকারের সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, মিলফেত, ঢাকা
০৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী
০৮. ডি আই জি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
০৯. পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল